

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

“ইনোভেশন টিম” এর ২০১৮-১৯ অর্থবছরে অনুষ্ঠিত ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ আলাউদ্দীন আল আজাদ
মহাব্যবস্থাপক (উৎপাদন পরিকল্পনা ও মান নিয়ন্ত্রণ)
বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা

স্থানঃ বাকেশি সভা কক্ষ।
তারিখঃ ২৮-১১-২০১৮ খ্রিঃ।
সময়ঃ ১১-০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নাম ও পদবীঃ

- ১। জনাব মোঃ এনামুল হক, উপ-মহাব্যবস্থাপক (উৎঃপরিঃ ও মাঃনিঃ) - সদস্য।
- ২। জনাব মোঃ আরিফুর রহমান, উপ-মহাব্যবস্থাপক (মার্কেটিং) - সদস্য।
- ৩। জনাব শরীফ বদিউজ্জামান, ব্যবস্থাপক (নিরীক্ষা) - সদস্য।

আলোচ্য সূচীঃ

- ১। ২০১৮-১৯ অর্থবছরের প্রণীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।
- ২। ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ।
- ৩। ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ।
- ৪। বিবিধ।

আলোচ্য বিষয়-১: ২০১৮-১৯ অর্থবছরের প্রণীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।

সভাপতি মহোদয় উপস্থিত ইনোভেশন টিমের অন্যান্য সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত ২৫-১০-২০১৮ খ্রিঃ তারিখের সভায় আলোচিত বিষয়াবলী ও ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও পর্যালোচনা করা হয়। সভায় কমিটির সদস্যবৃন্দ জানান, প্রাতিষ্ঠানিক উন্নয়নের স্বার্থে সৃষ্টিধর্মী পরিকল্পনা ও কৌশল গ্রহণ ইতিবাচক ভূমিকা রাখে। তাই প্রতিষ্ঠানের সকলে উৎসাহিত হয়ে নিজ নিজ অবস্থান থেকে উদ্ভাবনী ধারণা প্রদানে আকৃষ্ট হলে প্রতিষ্ঠানে ইতিবাচক প্রভাব পড়বে।

আলোচ্য বিষয়-২ ও ৩: বিগত ১৬-০৭-২০১৮ খ্রিঃ তারিখে প্রণীত উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ও বিগত সভায় সিদ্ধান্ত পর্যালোচনা সম্পর্কিত কমিটির পর্যবেক্ষণ নিম্নরূপঃ

ক্রমিক নং	২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা	উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম	উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি
১।	পণ্য উৎপাদনে খরচ ও সময় কমানোর কৌশল উদ্ভাবন এবং তা বাস্তবায়নের উদ্যোগ।	পণ্য উৎপাদনে খরচ কমানোর ক্ষেত্রে বাস্তব অবস্থা পর্যবেক্ষণে বেশ কিছু পণ্যের উৎপাদন ব্যয় কমানো হয়েছে। এছাড়া পণ্য উৎপাদনে সময় কমানোর কৌশল নিয়ে সচেতনতা তৈরী হয়েছে ও সংশ্লিষ্ট বিভাগ কাজ করছে।	পণ্যের উৎপাদন ব্যয় কিছুটা কম হওয়ার ফলে দেশীয় প্রতিযোগিতামূলক বাজারে অবদান রাখার সুযোগ সৃষ্টি হয়েছে।
২।	একটি HDPE Silicon Duct মেশিন স্থাপন ও চালু করা।	প্ল্যান্টের বার্ষিক উৎপাদন ক্ষমতা বৃদ্ধিতে নতুন ১টি মেশিন সংগ্রহে চীনা প্রতিষ্ঠানের সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী মেশিনটি ডিসেম্বর-২০১৮ এর মধ্যে স্থাপনের চেষ্টা চলছে। ফলে নিরবিচ্ছিন্ন উৎপাদন পরিচালনা ও বিভিন্ন প্রকৃতির ডাক্ট তৈরীর ক্ষেত্রে কার্যকর অবদান রাখা সম্ভব হবে। উৎপাদন ব্যয় সংকোচনেও কার্যকর ভূমিকা রাখার চেষ্টা করা হবে।	চীনা প্রতিষ্ঠান কর্তৃক মেশিন তৈরীর কাজ সম্পন্ন করেছে। বিগত ০৭-১১ নভেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে প্রাক-জাহাজীকরণ পরিদর্শন শেষে ইতোমধ্যে জাহাজীকরণ হয়েছে।
৩।	বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপন ও চালু করণসহ cost-effective ও উন্নতমানের পণ্য উদ্ভাবন ও বাজারজাতকরণ।	আগামী জানুয়ারী, ২০১৯ খ্রিঃ এর মধ্যে প্ল্যান্ট স্থাপনের পর পরীক্ষামূলক উৎপাদন সম্পন্ন করার সম্ভাব্য টার্গেট নির্ধারণ করা হয়েছে। এ কাজ সফলভাবে সম্পন্ন হওয়ার পর cost-effective ও উন্নতমানের পণ্য উদ্ভাবন করা হবে। একই সাথে পণ্য সম্পর্কে প্রচার ও বাজারজাতকরণেও উল্লেখযোগ্য কার্যক্রম হাতে নেয়া হবে।	কারখানা ভবন নির্মাণ কাজ প্রায় ৭০% সম্পন্ন হয়েছে। প্ল্যান্টের মেশিনারীজ ও ইকুইপমেন্ট ১৫ নভেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে কারখানায় এসে পৌঁছেছে। মেশিন স্থাপন ও চালুকরণে মেশিন সরবরাকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি অর্টারেই বাকেশিতে আসবে।
৪।	ওয়েব-সাইট নিয়মিত হালনাগাদ করণ ও জনবান্ধব নতুন নতুন feature উদ্ভাবন ও সংযোজন করা।	ওয়েব পেজ আপগ্রেড করণ একটি চলমান প্রক্রিয়া যা অব্যাহত আছে। এতে দেশীয় ও আন্তর্জাতিক ভাবে প্রতিষ্ঠানের পরিচিতি বৃদ্ধি পাচ্ছে।	ওয়েব পেজ আপগ্রেড ও নতুন feature সংযুক্তির কাজ অব্যাহত রাখা হয়েছে।

৭

১

৫।	মার্কেটিং কার্যক্রম সম্প্রসারণের কৌশল উদ্ভাবন ও বাস্তবায়ন।	মার্কেটিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে প্রচার ও প্রসার সম্পর্কিত কার্যক্রম বৃদ্ধি, নতুন কৌশল উদ্ভাবন, ক্রেতার সাথে সার্বক্ষণিক যোগাযোগ ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ হতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	বাকেশি'র পরিচিতি বৃদ্ধিসহ ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ক্রেতার সাথে যোগাযোগ অব্যাহত আছে। প্রচার বৃদ্ধির লক্ষ্যে বিগত ৪-৬ অক্টোবর, ২০১৮ তে ঢাকা ও খুলনায় অনুষ্ঠিত ৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় অংশগ্রহণ করা হয়েছে।
৬।	দক্ষ জনবল ও কম্পিউটার সংখ্যা বৃদ্ধির মাধ্যমে উদ্ভাবনী চর্চার সম্প্রসারণ।	দক্ষ জনবল তৈরীর জন্য প্রশিক্ষণ প্রদানসহ প্রতিষ্ঠানের কম্পিউটারের সংখ্যা আরও বৃদ্ধির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এতে, উদ্ভাবনী চর্চার ক্ষেত্র আরও সম্প্রসারিত হবে।	দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে প্রতিষ্ঠানের পক্ষ থেকে নিয়মিত প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম দ্রুততার সাথে পরিচালনায় কম্পিউটার সংখ্যা বৃদ্ধির কার্যক্রম হাতে নেওয়া হয়েছে।
৭।	কার্যকর প্রশিক্ষণ উদ্ভাবন ও তা বাস্তবায়ন।	নৈতিকতা ও শুদ্ধাচার চর্চার জন্য নতুন চিন্তা, চেতনা ও কৌশল নির্ধারণের জন্য নিয়মিত উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রাখা হয়েছে।	নৈতিকতা ও শুদ্ধাচার কৌশল চর্চায় প্রতিষ্ঠানের সকলকে অবহিতকরণসহ ঐকান্তিক প্রচেষ্টা চলমান রয়েছে।
৮।	সেবা সহজীকরণের জন্য ১টি নতুন সেবা উদ্ভাবন ও বাস্তবায়ন	জনগণকে অতি সহজে ও নির্বিঘ্নে সেবা প্রদানের জন্য ১টি সেবা সহজীকরণের কার্যক্রম হাতে নেয়া হয়েছে।	জনবান্ধব সেবা নির্বাচনের জন্য প্রতিষ্ঠানের পক্ষ থেকে অবিলম্বে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

আলোচ্য বিষয়-৪: বিবিধ।

বর্ণিত উদ্ভাবনী কর্মপরিকল্পনাগুলি বাস্তবায়নে সকল কর্মকর্তা/কর্মচারীর সার্বিক অংশগ্রহণ ও সহযোগীতা নিয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। কোন ব্যাপারে প্রতিকূলতা বা প্রতিবন্ধকতার সৃষ্টি হলে কর্তৃপক্ষের সাথে আলোচনা করে কমিটি ব্যবস্থা নিচ্ছে।

গৃহীত কর্মপরিকল্পনাগুলোর কার্যকরী বাস্তবায়নে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। ২০১৮-১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনাগুলো বাস্তবায়নকল্পে সংশ্লিষ্ট সকলের সহযোগীতা গ্রহণ অব্যাহত আছে যা চলমান রাখতে হবে।

২। নৈতিকতা ও শুদ্ধাচার চর্চা ফলপ্রসূ করে নতুন ধারণা ও মানসিকতা বিকাশের জন্য সকলকে উদ্যোগী ও উৎসাহিত করতে হবে।


৩। প্রতি মাসে কমিটির ১টি সভা আহ্বান করে উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে।

৪। সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারে সভার কার্যবিবরণী আপলোড করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।





(মোঃ আলাউদ্দীন আল আজাদ)
মহাব্যবস্থাপক (উৎঃপরিঃ ও মাঃনিঃ)

ও
চিফ ইনোভেশন অফিসার।